

# নটর ডেমে ভর্তি পরীক্ষা ঘিরে শিক্ষার্থী-অভিভাবকদের উপচেপড়া ভিড়

সংবাদ অনলাইন রিপোর্ট

: শনিবার, ০৯ আগস্ট ২০২৫



ভর্তি পরীক্ষা চলছে, শিক্ষার্থীরা ভেতরে, বাইরে অপেক্ষমাণ অভিভাবকরা, নটর ডেম কলেজের শনিবারের ছবি  
-সংবাদ

রাজধানীর ঐতিহ্যবাহী নটর ডেম কলেজে চলছে একাদশ শ্রেণীতে ভর্তি পরীক্ষা। এতে অংশ নিচ্ছে সারাদেশের লাখো শিক্ষার্থী। তাদের সঙ্গে এসেছেন অভিভাবকরা। শিক্ষার্থীরা নির্ধারিত সময়ে কলেজে প্রবেশ করলেও বাইরে অপেক্ষায় অভিভাবক। শনিবার,(০৯ আগস্ট ২০২৫) সকাল ৮টা থেকে রাজধানীর আরামবাগ থেকে মতিঝিল ও কাকরাইল অভিমুখী সড়কে অভিভাবকদের উপচেপড়া ভিড় দেখা গেছে। এতে ওই সড়কে যান চলাচলও কার্যত বন্ধ হয়ে পড়েছে।

জানা গেছে, মিশনারি কলেজ নটর ডেম ভর্তি পরীক্ষার সময়সূচি প্রকাশ করে না। ভর্তি পরীক্ষায় অংশ নিতে কত শিক্ষার্থী আবেদন করেছেন, তাও জানায় না কর্তৃপক্ষ। শুধুমাত্র সফলভাবে আবেদন করা শিক্ষার্থীরা অনলাইনে প্রবেশপত্র পেয়েছেন। তাদের প্রবেশপত্রে পরীক্ষার সময়সহ

বিস্তারিত তথ্য রয়েছে। সেই তথ্যানুযায়ী আগ্রহী শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নিচ্ছে।

কয়েকজন শিক্ষক, অভিভাবক ও ভর্তিচ্ছু শিক্ষার্থীর সঙ্গে কথা বলে জানা যায়, গতকাল শুক্রবারও কয়েকটি শিফটে ভর্তি পরীক্ষা নেয়া হয়েছে। গতকাল শুক্রবার ছিল বাংলা ভার্সনের পরীক্ষা। শনিবার নেয়া হচ্ছে ইংরেজি ভার্সনের ভর্তি পরীক্ষা। সব শিফটে ৫০ মিনিটের লিখিত দিতে হচ্ছে শিক্ষার্থীদের। বগুড়া থেকে ভর্তি পরীক্ষা দিতে এসেছে সাকলায়েন সজীব। ছেলেকে ভেতরে প্রবেশ করিয়ে দিয়ে বাইরে ওভার ব্রিজের নিচে দাঁড়িয়ে আছেন তার বাবা শাহীন আলম। তিনি বলেন, ছেলেটা বগুড়ার একটা স্কুলে পড়েছে। ভালো রেজাল্ট করেছে, গোল্ডেন এ-প্লাস পেয়েছে। ওর ইচ্ছা নটর ডেমে ভর্তি হবে। শনিবার ঢাকা এসেছি। এক আত্মীয়ের বাসায় থেকে সকালে পরীক্ষা দিতে নিয়ে আসলাম। আশা করছি, ওর মনের আশাটা পূরণ হবে।

ছেলে শিহাব কায়সার প্রীতমের জন্য বাইরে অপেক্ষায় থাকা মা রোজিনা ইসলাম বলেন, আমার বড় ছেলেটা নটর ডেম থেকে পাস করে গত বছর বুয়েটে চান্স পেয়েছে। ছোট ছেলেরও নটর ডেমে পড়ার স্বপ্ন। এসএসসি পরীক্ষার পর থেকে ছেলেটা প্রস্তুতি নিয়েছে। ওর বড় ভাই পরামর্শ দিয়েছে। এত কষ্টের পরও যদি চান্স না পায়, তাহলে ও মানসিকভাবে ভেঙে পড়বে। আল্লাহর কাছে দোয়া করছি, যাতে পরীক্ষাটা ভালো হয়।

নটর ডেম কলেজ সূত্র জানায়, গত ২৯ জুলাই থেকে ৭ আগস্ট পর্যন্ত ভর্তির আবেদন জমা নিয়েছে কলেজটি। এতে কয়েক লাখ শিক্ষার্থী আবেদন করেছে। তার মধ্যে ভর্তি পরীক্ষা ও এসএসসির জিপিএর ভিত্তিতে ৩ হাজার ২৯০ জনকে ভর্তি করানো হবে। আগামী ১১ আগস্ট ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হতে পারে বলে জানিয়েছেন শিক্ষকরা। জানতে চাইলে নটর ডেম কলেজের অধ্যক্ষ ফাদার হেমন্ত পিউস রোজারিও বলেন, আমরা কয়েকটি শিফটে পরীক্ষা নিচ্ছি। খুব দ্রুত ফল প্রকাশ করা হবে। নির্বাচিত শিক্ষার্থীরাই কেবল ভর্তির সুযোগ পাবে।